# উপজেলা কৃষি পূনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব গুঞ্জন বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট।

তারিখ ঃ ২৫/০৬/২০২৬ খ্রিঃ সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

২৫/০৬/২০২৬ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকায় সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে বৃক্ষরোপণ কর্মসূচির আওতায় গাছ/বৃক্ষের চারা, সার ও অন্যান্য উপকরণ বিতরনের প্রণোদনা কর্মসূচির বাস্তবায়ন বিষয়ক সভার কার্যবিবরণী ঃ

**উপস্থিতির তালিকা**

| ক্রমিক নং | সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম | পদবী | কর্মস্থল/ঠিকানা |
|---|---|---|---|
| ০১ | মোঃ ওমর ফারুক | উপজেলা কৃষি অফিসার | আদিতমারী |
| ০২ | ডাঃ আজমল হুদা তপন | উপজেলা প্রাণি সম্পদ অফিসার | ” |
| ০৩ | মোঃ আসাদুজ্জামান | উপজেলা মৎস্য অফিসার | ” |
| ০৪ | মোঃ রাকিবুল আহমেদ চৌধুরী | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | ” |
| ০৫ | মোঃ এনামুল হাসান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার | ” |
| ০৬ | বীরেন্দ্র দেবনাথ | কৃষক প্রতিনিধি | সারপুকুর, আদিতমারী |

জনাব গুঞ্জন বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্য বিষয়ের উপর আলোচনা শুরু করার জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটি, আদিতমারী কে অনুরোধ জানান। উপজেলা কৃষি অফিসার জেলা কৃষি পূনবার্সন বাস্তবায়ন কমিটির স্মারক নং- ৯০৮ (১৬), তারিখ ঃ ১০/০৬/২০২৬ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। পত্রের মর্মানুযায়ী তিনি জানান আদিতমারী উপজেলায় সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে বৃক্ষরোপণ কর্মসূচির আওতায় গাছ/বৃক্ষের চারা, সার ও অন্যান্য উপকরণ বিতরনের প্রণোদনা কর্মসূচির বাস্তবায়ন বিষয়ক পাঠ করে শোনান। উক্ত কর্মসূচির আওতায় আদিতমারী উপজেলায় বৃক্ষরোপণ কর্মসূচির আওতায় গাছ/বৃক্ষের চারা, সার ও অন্যান্য উপকরণ বিতরনের কৃষক ০৫ টি করে চারা পাবেন, উপকারভোগী কৃষক সংখ্যা এবং প্রতিষ্ঠান সংখ্যার ও প্রতিষ্ঠান প্রতি চারার সংখ্যা (কৃষকের বসতবাড়ি, পতিত জমি, খালপাড়া, রাস্তার পাশের ফাঁকা স্থান, রেললাইন, শিক্ষা প্রতিষ্ঠান, বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান, শ্মশান ও বিভিন্ন সরকারী দপ্তরের) জন্য গাছ/বৃক্ষের চারা, সার ও অন্যান্য উপকরণ সরবরাহ করা হবে। তিনি আরোও জানান সংগঠন প্রতিষ্ঠানে গাছ/বৃক্ষের বৃদ্ধির লক্ষ্যে গাছ/বৃক্ষের চারা, সার ও অন্যান্য উপকরণ সহায়তার মাধ্যমে গাছের চারা ও বাঁশের খুঁটি সহায়তা হিসেবে প্রণোদনা কর্মসূচী আওতায় বিনামূল্যে প্রাপ্য হবেন।

আলোচ্য বিষয়-০১। সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে বৃক্ষরোপণ কর্মসূচির আওতায় গাছ/বৃক্ষের চারা, সার ও অন্যান্য উপকরণ বিতরনের প্রণোদনা কর্মসূচির বাস্তবায়ন প্রসঙ্গে।

আলোচনা ঃ উপজেলা কৃষি অফিসার ইউনিয়ন ভিত্তিক সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে বৃক্ষরোপণ কর্মসূচির আওতায় গাছ/বৃক্ষের চারা, সার ও অন্যান্য উপকরণ বিতরনের প্রণোদনা কর্মসূচির বাস্তবায়ন গাছের চারা ও জমির উপর ভিত্তি করে ইউনিয়ন ভিত্তিক কর্মসূচীর বিভাজন নিম্নের ছকপত্র মোতাবেক বাস্তবায়ন করা যেতে পারে মর্মে সভায় প্রস্তাব করেন।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | গাছ/বৃক্ষের চারা ও বাঁশের খুঁটি (সংখ্যা) | | | জৈব সার ( গোবর) ( মে.টন) | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সারনী-১ | সারনী-২ | সারনী-৩ | সারনী-১ | সারনী-২ | সারনী-৩ | |
| ০১. | দূর্গাপুর | ১২৫ | ৫০ | ২১২ | ৩.৭৫ | ১.৫০ | ৬.৩৭ | - |
| ০২. | ভেলাবাড়ী | ১২৫ | ৫০ | ২১৫ | ৩.৭৫ | ১.৫০ | ৬.৪০ | |
| ০৩. | কমলাবাড়ী | ১২৫ | ৫০ | ২১২ | ৩.৭৫ | ১.৫০ | ৬.৩৭ | |
| ০৪. | সারপুকুর | ১২৫ | ৫০ | ২১২ | ৩.৭৫ | ১.৫০ | ৬.৩৭ | |
| ০৫. | সাপ্টিবাড়ি | ১২৫ | ৫০ | ২১২ | ৩.৭৫ | ১.৫০ | ৬.৩৭ | |
| ০৬. | ভাদাই | ১২৫ | ৫০ | ২১৩ | ৩.৭৫ | ১.৫০ | ৬.৩৮ | |
| ০৭. | পলাশি | ১২৫ | ৫০ | ২১২ | ৩.৭৫ | ১.৫০ | ৬.৩৭ | |
| ০৮. | মহিষখোচা | ১২৫ | ৫০ | ২১২ | ৩.৭৫ | ১.৫০ | ৬.৩৭ | |
| | সর্বমোট | ১০০০টি | ৪০০ টি | ১৭০০ টি | ৩০ | ১২ | ৫১ | |

সিদ্ধান্ত ঃ বর্নিত ইউনিয়ন ওয়ারী কৃষক ও উপকরনের বিভাজন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

## গাছ/বৃক্ষের চারা গাছের চারা সার ও অন্যান্য প্রণোদনা কর্মসূচীর আওতায় উপকরণ বিতরণ বিভাজন ঃ

সিদ্ধান্ত ঃ (ক) বর্নিত ইউনিয়নওয়ারী গাছ/বৃক্ষের চারা, সার ও অন্যান্য উপকরনের বিভাজন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

সিদ্ধান্ত ঃ খ) উপজেলা কৃষি পূনবার্সন বাস্তবায়ন কমিটি কর্মসূচী বাস্তবায়নের জন্য জেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক স্থানীয় উপযোগীতার ভিত্তিতে অধিক ফলনশীল গাছ/বৃক্ষের চারা ডিএই/বিএডিসি/বারি/বিএসআরআই/বিনা/ যেকোনো প্রতিষ্ঠিত নার্সারী হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক মান যাচাই সাপেক্ষে সংগ্রহ করবেন। এ কর্মসূচির আওতায় জৈবসার সরকার কর্তৃক স্বীকৃত বেসরকারী প্রতিষ্ঠান/প্রতিষ্ঠিত স্থানীয় উদ্যোক্তা কৃষক/ব্যবসায়ীর নিকট হতে বিধি মোতাবেক ক্রয় ও পরিবহনের ব্যবস্থা নিবেন। উপজেলা নির্বাহী অফিসার প্রাপ্ত চেক উপজেলা কৃষি অফিসারের নিকট সমপরিমান অর্থের চেক প্রদান করবেন। প্রাপ্ত চেকের অর্থ খাতওয়ারী বিধি মোতাবেক ব্যয় করে বিল পাশ পূর্বক উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর গ্রহণ করে মূল বিল ভাউচার এক কপি ও ফটোকপি দুই কপি উপপরিচালক, ডিএই, খামারবাড়ি, লালমনিরহাট মহোদয়ের দপ্তরে সমন্বয়ের জন্য প্রেরণ করবেন।

**বিবিধ আলোচনা ঃ** উপজেলা কৃষি অফিসার গাছ/বৃক্ষের চারা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে গাছ/বৃক্ষের চারা, সার ও অন্যান্য চারা সরবরাহ করার জন্য প্রণোদনা কর্মসূচীর নীতিমালা পাঠ করে শোনান। এ ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ (গ) কৃষি প্রনোদনা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তা'র মাধ্যমে তৈরীকৃত তালিক নির্বাচন করে খসড়া তালিকা প্রস্তুত করবেন।

সিদ্ধান্ত ঃ (ঘ) উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কর্মসূচী প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিগত বছরের গাছ/বৃক্ষের চারা আবাদের জমি এবং চলতি ২০২৫-২৬ অর্থবছরে গাছ/বৃক্ষের চারা আবাদ সম্ভাবনার নিরিখে লক্ষমাত্রা নির্ধারণ করে কর্মসূচির জন্য অনুমোদিত অগ্রাধিকার তালিকাভূক্ত উপযুক্ত প্রতিনিধির জাতীয় পরিচয়পত্র মাস্টাররোলে সংরক্ষণ করবেন। তিনি কৃষি উপকরণ সহায়তা কার্ডের ভর্তূকি অংশ যথাযথ উপকরণের পরিমান লিপিবদ্ধ করবেন। তিনি মাস্টাররোলে প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ পূর্বক উপকরণ বিতরন করবেন। মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী উপযুক্ত প্রতিনিধির স্ট্যাম্প সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্র নম্বর যুক্ত করতে হবে। উপজেলা কৃষি পূনবার্সন বাস্তবায়ন কমিটি (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন) করতে পারবেন। কোন ক্রমেই একজনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবেনা। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী উপযুক্ত প্রতিনিধির স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন।

সিদ্ধান্ত ঃ (ঙ) প্রতি ব্লকে আবশ্যিকভাবে গাছ/বৃক্ষের চারা উপযোগী জমি আগ্রহী উপযুক্ত প্রতিনিধি নির্ধারণ করতে হবে এবং যারা দলবদ্ধভাবে কাজ করবে। কোন অবস্থাতেই এর ব্যতিক্রম ঘটানো যাবে না।

সিদ্ধান্ত ঃ (চ) সংশ্লিষ্ট ইউনিয়ন থেকে আগত উপযুক্ত প্রতিনিধি উপস্থিতিতে গাছ/বৃক্ষের চারা, সার ও অন্যান্য সহায়তা প্রনোদনার অনুমোদিত অগ্রাধিকার তালিকা অনুযায়ী উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ বিতরণে সার্বিক সহযোগিতা করবেন। উপযুক্ত প্রতিনিধি ঝামেলা এড়াতে কর্মসূচীর আওতায় উপকরণ সহায়তা হিসেবে প্রতি ৫(পাঁচ) জনের একটি গ্রুপ করে বিতরণ করতে হবে।

অতপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সমস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৫/৭/২০২৫

( গুঞ্জন বিশ্বাস )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পূনবার্সন বাস্তবায়ন কমিটি
আদিতমারী, লালমনিরহাট।

স্মারক নং-১২.১৮.৫২০২.০৪১.১৬.০৬৭.২৬.৮৩৯ তারিখ ঃ ২৫/০৬/২০২৬ খ্রি.

**অনুলিপি ঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো -**

০১। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, লালমনিরহাট।
০৩। উপজেলা ------------------------------------------ অফিসার, সভাপতি/সদস্য, উপজেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটি, আদিতমারী, লালমনিরহাট।
০৪। জনাব ---------------------------------------- এসএএও--------------------------- ব্লক। আপনাকে কর্মসূচীর মর্মানুযায়ী আগামী---------- তারিখের মধ্যে কৃষকের তালিকা প্রস্তুত পূর্বক বিতরণকার্যে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
০৫। অফিস কপি।

(মোঃ ওমর ফারুক) ২৫/৬/২৫
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনবার্সন বাস্তবায়ন কমিটি
আদিতমারী, লালমনিরহাট।